



## বইয়ের পাতা ছেড়ে মুক্তিযুদ্ধ ইন্টারনেটে

বইয়ের পাতা ছেড়ে মুক্তিযুদ্ধ ইন্টারনেটে। অনেকেই জানেন, এটি নতুন তথ্য নয়। তবে কোন সাইটে কতটুকু তথ্য আছে কিংবা কোনটি আপনার প্রয়োজন তা কি আপনি জানেন? মুক্তিযুদ্ধ সম্পর্কে এমনি কিছু পরিচিত ও অপরিচিত ওয়েবসাইট নিয়ে বিস্মিত জানাচ্ছেন আরেফিন আদনান

বিডি একাত্তর ডটকম/বীরশ্রেষ্ঠ সাতজন : বীরশ্রেষ্ঠ সাত জনের ছবি একসঙ্গে দেখেছেন কখনও? অনেকেরই উত্তর হবে—না। আদের ছবি এবং বিস্মিত জানতে হলে ঢুকে পড়ুন বিডি একাত্তর ডটকমে। এছাড়া মুক্তিযুদ্ধ বিষয়ক বই ও বিভিন্ন তথ্য পাবেন এই সাইট থেকে। সাইটের ঠিকানা : [www.bd71.com](http://www.bd71.com)

দুর্লভ ভিডিও চিত্র : জর্জ হ্যারিসনের একাত্তরকে নিয়ে গাওয়া ভিডিওটি কি আপনি দেখতে চান? কোথায় পাবেন বলুন তো? সরাসরি চলে যান ইউটিউব ডটকমে। এখানে এছাড়াও পাবেন একাত্তরের দুর্লভ ভিডিও চিত্র। পাবেন রাজাকারদের নিয়ে ভিডিও চিত্র। এছাড়া একাত্তরে বিভিন্ন বিষয়ে নানাদেশের তৈরি দুর্লভ ভিডিও চিত্র রয়েছে এখানে। সাইটের ঠিকানা : [www.youtube.com](http://www.youtube.com)

স্বাধীনতার জাদুঘর : অনলাইনে মুক্তিযুদ্ধ সম্পর্কে আরও বেশি করে জানতে ও দুর্লভ সব ছবি পেতে ঘুরে আসতে পারেন এই সাইট থেকে। এতে লিবারেশন ওয়ার ১৯৭১, লিবারেশন ওয়ার মিউজিয়ামসহ বিভিন্ন তথ্য সাজানো রয়েছে।

এছাড়া রয়েছে বাংলাদেশ সম্পর্কে নানা তথ্য। সাইটের ঠিকানা : [www.liberationmuseum.org.bd](http://www.liberationmuseum.org.bd)

প্রবাসীদের ভাবনা : দেশের বাইরে স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধের চেতনা এবং প্রবাসী নতুন প্রজন্মের ভাবনা সম্পর্কে ধারণা পেতে হলে ঢুকতে হবে এই সাইটিতে। এটি আসলে নিউইয়র্ক থেকে প্রকাশিত ওয়েবসাইট ভিত্তিক বাংলা সংবাদপত্র।

আর বিজয়ের এই মাসে এটি আরও তথ্যপূর্ণ হয়ে উঠেছে। সাইটের ঠিকানা : [www.nybangla.com](http://www.nybangla.com)

মুক্তমনের মিলনমেলা : বাংলা সাহিত্য, মুক্তিযুদ্ধ, বাঙালি চেতনা এখানে মূল প্রতিপাদ্য। মুক্তমনের মানুষের মিলনমেলা যেন মুক্তমনা ডটকম। মত প্রকাশের স্বাধীনতা ও নিজের লেখা গল্প, উপন্যাস অন্যের কাছে নিয়ে যেতে এটি হতে পারে আপনার নিত্যসঙ্গী। সাইটের ঠিকানা : [www.mukto-mona.com](http://www.mukto-mona.com)

This page has been printed from the web site of Jugantor Daily News paper ([www.jugantor.com](http://www.jugantor.com)).

URL: <http://www.jugantor.com/online/news.php?id=112168&sys=1>

Developed by: Colors of Bangladesh ([www.colorsofbangladesh.com/enews](http://www.colorsofbangladesh.com/enews))